

া বৈধ ও অবৈধ অসীলা

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি।

সমস্ত প্রশংসা বিশ্বজাহানের রব মহান আল্লাহর জন্য। দুরুদ ও সালাম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবার-পরিজন এবং সমস্ত সাহাবীদের প্রতি। অতঃপর,...

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের সীরাত পাঠকারীগণ জানেন যে, নিশ্চয় তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) এমন এক সম্প্রদায়ের নিকট প্রেরিত হয়েছিলেন যারা মৃত সৎকর্মশীলগণের ভালোবাসায় অনেক বাড়াবাড়ি করতো। তারা তাদেরকে তাদের আদি পিতা ইবরাহীম আলাইহিস সালাম এর দীন থেকে বের করে নিয়েছিল। আর এটা স্পষ্ট যে, মিল্লাতে ইবরাহীম মানুষকে এক আল্লাহর ইবাদতের প্রতি আহ্বান জানাতো। আরো প্রকাশমান যে, নিশ্চয় ইবাদত কয়েক ভাগে বিভক্ত। যেমন, ঈমান, ইসলাম, ইহসান, সালাত, যাকাত ও ইসলামের। দো'আ, যবেহ, মান্নত, সাহায্য প্রার্থনা, আশ্রয় প্রার্থনা, ভয়, প্রত্যাশা, আগ্রহ উদ্দীপনা ও ভীতি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9826

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন